# নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৩০। আত্মিক পবিত্রতা অর্জন করা, আর সর্বদা ইবাদত ও যিকরের মাধ্যমে রূহ ও শরীরকে শক্তিশালী করা (- تطهير النفس، وتقوية الروح والبدن بدوام العبادة والذكر)

আল্লাহ তা‘আলা বলেন:

(وَلَقَدْ نَعْلَمُ أَنَّكَ يَضِيقُ صَدْرُكَ بِمَا يَقُولُونَ (97) فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَكُنْ مِنَ السَّاجِدِينَ (98) وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ (99)) ... [الحجر: 97 ـ 99]

‘আর অবশ্যই আমি জানি যে, তারা যা বলে, তাতে তোমার অন্তর সঙ্কুচিত হয়। (৯৭) সুতরাং তুমি তোমার রবের প্রশংসায় তাসবীহ পাঠ কর এবং সিজদাকারীদের অন্তর্ভুক্ত হও। (৯৮) আর ইয়াক্বীন আসা পর্যন্ত তুমি তোমার রবের ইবাদত কর’ (সূরা আল-হিজর:৯৭-৯৯)। আল্লাহ তা‘আলা আরও বলেন:

(يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا اذْكُرُوا اللَّهَ ذِكْرًا كَثِيرًا (41) وَسَبِّحُوهُ بُكْرَةً وَأَصِيلًا (42)) [الأحزاب: 41 ـ 42]

হে মুমিনগণ! তোমরা আল্লাহর অধিক যিকর কর (৪১) এবং সকাল-সন্ধ্যায় তাঁর পবিত্রতা ঘোষণা কর কর’(সূরা আল-আহযাব: ৪১-৪২)।

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّ فَاطِمَةَ أَتَتِ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ تَسْأَلُهُ خَادِماً، وَشَكَتِ العَمَلَ، فَقَالَ: «مَا أَلْفَيْتِيهِ عِنْدَنَا» قَالَ: «أَلاَ أَدُلُّكِ عَلَى مَا هُوَ خَيْرٌ لَكِ مِنْ خَادِمٍ؟ تُسَبِّحِينَ ثَلاَثاً وَثَلاَثِينَ، وَتَحْمَدِينَ ثَلاَثاً وَثَلاَثِينَ، وَتُكَبِّرِينَ أَرْبَعاًوَثَلاَثِينَ حِينَ تَأْخُذِينَ مَضْجَعَكِ» متفق عليه، أخرجه البخاري برقم (3113) , ومسلم برقم (2728)، واللفظ له

আবূ হুরায়রা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার ফাতিমা (রা.) একজন খাদিমের জন্য নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকটে আসলেন এবং কর্মের-কষ্টের অভিযোগ করলেন। তিনি বললেন, আমার নিকটে তো কোন খাদিম নেই। তিনি বললেন, তবে আমি কি তোমাকে এমন বিষয়ের নির্দেশনা দিবো না, যা তোমার জন্য খাদিমের তুলনায় অধিক উত্তম? যখন তুমি শয্যাগ্রহণ করবে, তখন ৩৩ বার সুবহানাল্লাহ, ৩৩ বার আলহামদু লিল্লা-হ এবং ৩৪ বার আল্লা-হু আকবার পড়ে নিবে। (ছহীহ বুখারী, হা/৩১১৩; ছহীহ মুসলিম, হা/২৭২৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9371

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন